

আকাশলীনা সাহিত্য পত্রের শুভেচ্ছাপত্র
শামীম তুষার

শ্রদ্ধাভাজনেয়ু, সাথী-সতীর্থ, স্নেহাস্পদরা -

সকলকে শ্রদ্ধা, সালাম, শুভেচ্ছা, স্নেহাশীষ, সাদর সম্ভাষণ। স্বদেশের সহস্র-যোজন সুদূরে, সাউথের সুন্দর শহরে, শীতের শেষভাগে সাল-শুরুর সাম্বৎসরিক সম্মিলনটিতে সকলকে স্বাগতম।

সাহিত্যপত্রে সাহিত্যমনস্ক সকলের সুলিখিত সাহিত্যকর্ম, সেই সাথে সম্মিলনে সবার সাগ্রহ সমাগমকে সাধুবাদ।

শুভেচ্ছাপত্রের সারকথা - সকলের সহৃদয় সহায়তা - সহযোগিতাই সম্মিলনের শুভশক্তি। শুভবুদ্ধির সুচর্চাটি সম্প্রসারিত হোক সহস্রগুণে, সর্বহৃদয়ে।

সবশেষে, সংকীর্ণ সাম্প্রদায়িকতাহীন, শান্তি-সম্প্রীতি-সৌহার্দ্যপূর্ণ সুদিনের সাথে সাথে সংস্কৃতি-সাহিত্যেও সুসময়ের শুভকামনায় -

সাহিত্যপত্রের সম্পাদক, সহমর্মী সকলে

পাদটীকাঃ

ছেলেবেলায় 'সেরা সন্দেশ' পড়তে গিয়েই প্রথম চোখে পড়ে চিঠিটা। অপূর্ব। অসাধারণ। শুধুমাত্র 'অ' আর 'আ' দিয়ে আরম্ভ হওয়া অনেকগুলো শব্দ দিয়ে চিঠিটা লিখেছিলেন সত্যজিৎ রায়। শুরুটা বোধহয় ছিলো - 'আমার আত্মার আত্মীয় আনন্দদা।' সাবলীল চিঠি। ছন্দপতন নেই। অচেনা শব্দের অহেতুক আশ্রাসন নেই।

আকাশলীনার এই ছোট্ট চিঠিটার পেছনে সেই ছোট্টবেলার সেরা সন্দেশের ভালোলাগাটাই মুখ্য। বেঁচে থাকো সেরা সন্দেশ। আনো আরও আনন্দ - আমাদের আর অনাগতদের অন্তরে।

(নিউ অরলিন্স, লুইজিয়ানা।)